

প্রিয় DPSCD পরিবার,

ব্যতিক্রমী শিক্ষার্থী শিক্ষা অফিস (ESE) K-12 গ্রেডের শিক্ষার্থীদের জন্য মান-ভিত্তিক একটি গ্রেডিং সিস্টেম ব্যবহার করবে যার মূল নির্দেশনা এসেনশিয়াল ইলিমেন্টের সাথে সামঞ্জস্যপূর্ণ। শিক্ষার্থীর স্বকীয় শিক্ষা পরিকল্পনা (IEP) এর সাথে সামঞ্জস্যকৃত অর্থপূর্ণ অগ্রগতি প্রতিবেদনের প্রয়োজনীয়তা স্বীকার করে "মান-ভিত্তিক" গ্রেডিং ও রিপোর্টিং বাস্তবায়নের দিকে পরিচালিত হয়। এটি ESE শিক্ষকদের শিখনের পৃথক উপাদানের বিষয়ে তথ্য প্রতিবেদন করতে এবং প্রত্যেক শিক্ষার্থীর জন্য আবশ্যিক সহায়তার দিকে মনোনিবেশ করতে দেয়।

ESE K-12 রিপোর্ট কার্ড সম্পূর্ণরূপে [কমন কোর এসেনশিয়াল ইলিমেন্ট](#) এবং ডিস্ট্রিক্টের পাঠ্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ। কমন কোর এসেনশিয়াল ইলিমেন্ট স্ট্যান্ডার্ডের প্রতিটি সেট যত্নসহকারে বিশ্লেষণের মাধ্যমে রিপোর্ট কার্ডের স্ট্যান্ডার্ড তৈরি করা হয়েছে।

এছাড়াও, ESE অগ্রগতি সূচক এখন গ্রেড K-12 এবং নিম্নলিখিত প্রোগ্রামে (MICI, MOCI, SCI, SCI, SXI, ASD, এবং দ্বৈত নির্ণয়) সকল কনটেন্ট এরিয়ায় সামঞ্জস্যপূর্ণ। এই নতুন সূচক আরো স্পষ্টভাবে প্রতিটি স্ট্যান্ডার্ডের মধ্যে শিক্ষার্থীর অর্জনের প্রতিনিধিত্ব করে যার মূল নির্দেশনা এসেনশিয়াল ইলিমেন্টের সাথে সামঞ্জস্যপূর্ণ। এই সূচকগুলো আপনাকে বুঝতে সহায়তা করবে যে আপনার শিক্ষার্থী প্রতিটি কোর্সে গ্রেড-লেভেলের বিকল্প মানের দিকে কতটা অগ্রসর হচ্ছে। "১৫ - স্বনির্ভর (কোনো নির্দেশনা/সহায়তা নেই)" স্কোর আপনাকে বলে যে আপনার শিক্ষার্থী ফাংশনাল লেভেলে ভালো করছে এবং দক্ষতা/ধারণার সামান্য পরিবর্তন প্রয়োজন। "১৪ - ১টি নির্দেশনা/সহায়তা প্রয়োজন" স্কোর অথবা "১৩- ২-৩ টি নির্দেশনা/সহায়তা প্রয়োজন" স্কোর আপনাকে বলে যে আপনার শিক্ষার্থী সাপোর্টেড লেভেলে ভালো করছে এবং দক্ষতা/ধারণার মাঝারি পরিবর্তন প্রয়োজন। "১২-ধাপে ধাপে, হাতে হাতে নির্দেশনা প্রয়োজন; ৪ বা ততোধিক নির্দেশনা" স্কোর আপনাকে বলে যে আপনার শিক্ষার্থী অংশগ্রহণ লেভেলে ভালো করছে এবং দক্ষতা/ধারণার ব্যাপক পরিবর্তন প্রয়োজন।

একাডেমিক অগ্রগতি সূচক:

- ১০ = পাঠ্যক্রমে এখনো অন্তর্ভুক্ত করা হয়নি
- ১১ = আচরণ নিবারণ সংক্রান্ত কার্য সম্পন্ন
- ১২ = ধাপে ধাপে, হাতে হাত রেখে, ৪+ নির্দেশনা প্রয়োজন
- ১৩ = ২-৩ টি নির্দেশনা/সহায়তা প্রয়োজন
- ১৪ = ১ টি নির্দেশনা/সহায়তা প্রয়োজন
- ১৫ = স্বনির্ভর (নির্দেশনা/সহায়তা প্রয়োজন নেই)

নাগরিকত্ব ও লেখাপড়ার অভ্যাস বিষয়ক নির্দেশনা (কেবল

K-২ হোমরুম):

- ৩ = ধারাবাহিকভাবে
- ২ = মাঝামাঝি
- ১ = বিরলভাবে

নাগরিকত্ব ও লেখাপড়ার অভ্যাস বিষয়ক নির্দেশনা (গ্রেড ৩-১২):

রেটিং	বর্ণনা	মানদণ্ড
১	অসাধারণ	আত্ম-শৃঙ্খলা এবং অনুকরণীয় ক্লাসরুম আচরণের খুব ভালো লেভেল বজায় রাখে
২	সন্তোষজনক	সাধারণত আত্ম-শৃঙ্খলা এবং ক্লাসরুম আচরণের গ্রহণযোগ্য লেভেল বজায় রাখে
৩	অসন্তোষজনক নয়/খারাপ নাগরিকত্ব	প্রায়শই আত্ম-শৃঙ্খলা এবং/অথবা ক্লাসরুম আচরণের নিম্ন স্তর/অনুপযুক্ত প্রদর্শন করে

ESE K-12 এসেনশিয়াল রিপোর্ট কার্ড সম্পর্কে আরো জানতে, অনুগ্রহ করে www.detroitk12.org/Page/7160 ভিজিট করুন। আপনার শিক্ষার্থীর রিপোর্ট কার্ডের প্রতিটি মান কী অর্থ প্রকাশ করে তা বোঝার জন্য আপনার যদি সাহায্যের প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে সহায়তার জন্য তাদের ESE শিক্ষককে জিজ্ঞাসা করুন। যদি আপনার ESE K-12 এসেনশিয়াল রিপোর্ট কার্ড সম্পর্কে অন্যান্য প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে অনুগ্রহ করে ব্যতিক্রমী শিক্ষার্থীদের শিক্ষা অফিসের (ESE) সাথে যোগাযোগ করুন।

আপনার বিশ্বস্ত,

ব্যতিক্রমী শিক্ষার্থীদের শিক্ষা অফিস (ESE)

শিক্ষার্থীদের উন্নতি | আমাদের সবার উন্নতি |

DPSCD নিয়োগ ও ভর্তির সুযোগসহ এর শিক্ষা কর্মসূচি এবং কর্মকাণ্ডের ক্ষেত্রে জাতি, বর্ণ, রাষ্ট্রীয় পরিচয়, লিঙ্গ, যৌন অভিমুখীতা, লৈঙ্গিক পরিচয়, প্রতিবন্ধিত্ব, বয়স, ধর্ম, উচ্চতা, ওজন, নাগরিকত্ব, বৈবাহিক বা পারিবারিক মর্যাদা, সামরিক মর্যাদা, পূর্বপুরুষ, জেনেটিক তথ্য অথবা আইনগতভাবে সুরক্ষিত অন্য কোনো শ্রেণিবিভাগের ভিত্তিতে কোনরূপ বৈষম্য করে না। কোনো প্রশ্ন আছে? কোনো উদ্বেগ আছে? নাগরিক অধিকার সমন্বয়কের সাথে (313) 240-4377 নম্বরে অথবা dpscd.compliance@detroitk12.org অথবা 011 West Grand Boulevard, 14th Floor, Detroit MI 48202 ঠিকানায় যোগাযোগ করুন।